দৈনিক ইত্তেফাক

তারিখ 17 NOV 1991
পৃষ্ঠা 2 কলাম ৬

22 ২৫

নাটোরের জনসভায় প্রধানমন্ত্রী

# খালকাটা ও গণশিক্ষা কর্মসূচী শুরু হইতেছে

বাসস জানায়, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলিয়াছেন, এবার শুষ্ক মৌসুমে সরকার খাল কাটার কর্মসূচী পুনরায় শুরু করিবেন। শীঘ্র গণশিক্ষা কর্মসূচীও চালু করা হইবে। পল্লী এলাকায় কর্মসংস্থানের জন্য প্রত্যন্ত এলাকাগুলিতে বিদ্যুৎ পৌছানো হইবে। আজ (রবিবার) হইতে সরকার ধানক্রয় কর্মসূচীও শুরু করিতেছেন। গতকাল (শনিবার) নাটোর সরকারী কলেজ প্রাঙ্গণে আয়োজিত এক বিরাট জনসভায় প্রধানমন্ত্রী বলেন, দেশকে স্বনির্ভর এবং গণতন্ত্রকে স্থায়ী রূপ দেওয়ার

(১১শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

লক্ষ্যে সরকার সকলের সর্বাত্মক সহযোগিতা চাহিতেছে। সম্মিলিতভাবে আমরা গণতন্ত্রকে লালন ও সংরক্ষণ করিতে না পারিলে গণতন্ত্র অর্থহীন হইয়া পড়িবে। স্বৈরশাসনের অবসানে জনগণের পূর্ণ সমর্থন ছিল। এখন গণতন্ত্র সংহত করার জন্যও তাহাদের পূর্ণ সহযোগিতা করিতে হইবে। সিরাজুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বক্তৃতা দেন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ, যোগাযোগ প্রতিমন্ত্রী ফজলুর রহমান পটল, ভূমি প্রতিমন্ত্রী কবির হোসেন।
ক্রীড়া প্রতিমন্ত্রী সাদেক হোসেন, এবং আইন ও বিচার প্রতিমন্ত্রী আমিনুল হক।

বেগম খালেদা জিয়া হুঁশিয়ার করিয়া দিয়া বলেন, কতিপয় মহল গণতন্ত্র সংহত করার পরিবর্তে উহা নস্যাৎ করিতে সক্রিয় হইয়াছে। তাহারা বিশৃঙ্খলা সৃষ্টি করিয়া সমাজে শান্তিপূর্ণ পরিবেশ বিঘ্নিত করিতে চায়। তাহাদের চিহ্নিত করার জন্য দেশবাসীর প্রতি তিনি আহ্বান জানান।

বেগম জিয়া বলেন, বাংলাদেশের মত একটি দেশের জন্য উন্নয়নের পূর্বশর্ত শান্তিও স্থিতিশীলতা। আমরা শান্তি ও শৃঙ্খলা বজায় রাখিতে পারিলে উন্নয়ন অর্জন করিতে পারিব। বেগম জিয়া বলেন, তাহার সরকার চোরাচালানের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা গ্রহণ করিবে। বেগম জিয়া নাটোর পৌছিলে তাহাকে বিপুল সম্বর্ধনা দেওয়া হয়।